রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৪২৩ তারিখঃ ২৩/১১/২০২৩খ্রিঃ

**সভা নং-৩৩**
পৌর পরিষদের মাসিক (নভেম্বর'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ
সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ: ২৩/১১/২০২৩খ্রিঃ
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: পৌরসভা সভাকক্ষ।
সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | ——— |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৯নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ ফারুকুল ইসলাম বাবলু এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় পৌর নির্বাহী কর্মকর্তা রামগতি পৌরসভাকে আহবান করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | কোন সংশোধনি না থাকায় ১৯/১০/২০২৩ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | রাজস্ব আদায় সম্পর্কে আলোচনাঃ | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব কামরুল হাসান সভায় জানান যে, পৌরসভার রাজস্ব আদায়ের হার খুবেই কম। তিনি রাজস্ব আদায়ের বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন রাজস্ব খাত সৃষ্টির জন্য উদ্যোগ গ্রহন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে ওয়ার্ড ভিত্তিক প্রতিটি গ্রহকের কাছে বকেয়া ও চলতি রাজস্ব বিষয়ে অবগত করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরদের সংযুক্ত করা যেতে পারে। এই ছাড়া বকেয়া রাজস্ব আদায়ে ওয়ার্ড সমন্বয় কমিটির (WLCC) সদস্য ও গণ্যমান্য ব্যক্তিদেরকে নিয়ে মত বিনিময় সভা করা যেতে পারে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও রামগতি পৌরসভার প্যানেল মেয়র-০১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, যারা দীর্ঘদিন ধরে রাজস্ব খেলাপী হয়ে আছে এবং যারা রাজস্ব প্রদানে আগ্রহ প্রকাশ করছেনা এবং যারা জানা সত্বে ও রাজস্ব প্রদান করে না তাদের বিষয়ে পৌরসভা কঠোর সিদ্ধান্ত গ্রহন করতে হবে। প্রয়োজন বোধে তাদের সকল ধরনের সেবা মূল্যক কাজ যেমন: জনাম নিবন্ধন, নাগরিক সনদ, ওয়ারিশ সনদসহ সকল ধরনের প্রত্যায়ন বন্ধ রাখতে হবে। প্রয়োজন বোধে এই ধরনের Tex খেলাপীদের তালিকা ভূক্ত পৌরসভার Web Site-এ প্রকাশ করা যায় কিনা সে বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন রাজস্ব খাত সৃষ্টিসহ বকেয়া রাজস্ব আদায় বৃদ্ধির জন্য গ্রাহক পর্যায়ে অবগত করতে হবে এবং খেলাপীদের তালিকা প্রস্তুত করে আগামী মাসিক সভায় উত্থাপন করার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন। |
| ০৩ | মহান বিজয় দিবস,২০২৩ উদযাপন উপলক্ষ্যে আলোচনাঃ | রামগতি পৌরসভার কার্য্যসহকারী জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে, ডিসেম্বর মাস বিজয়ের মাস। আসছে ১৬ই ডিসেম্বর বিজয় দিবস উদযাপনের জন্য করনীয় সম্পর্কে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় উপস্থিত সবাইকে ১৬ই ডিসেম্বর বিজয় দিবস উদযাপন নিয়ে আলোচনার জন্য অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, বিজয় দিবস উদযাপনের একটি কমিটি গঠন করে সিডিউল মত বিজয় দিবসের কর্মসূচী উদযাপনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, গত বছর গুলোতে কোভিটের কারনে বিজয় দিবসের কর্মসূচী কাটশাট করে পালন করা হয়েছে। কোন ধরনের উৎসব মুখর পরিবেশে বিজয় দিবস উদযাপন করা হয়নি। তাই তিনি এবারের বিজয় দিবসের সকল কর্মসূচী পালনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় গঠিত কমিটির সিদ্ধান্ত মোতাবেক পৌরসভার আলোক সজ্জাকরন, উপজেলা কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং দোয়া মহফিল আয়োজন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও রামগতি পৌরসভার প্যানেল মেয়র জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, এবার বিজয় দিবসে পৌরসভার সকল সরকারী, বেসরকারী ও স্বায়ত্বশাষিত প্রতিষ্ঠান সমূহে আলোক সজ্জাকরণ, হাট-বাজার ও গুরুত্বপূর্ণ সড়কে পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, এবার বিজয় দিবসে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>মেয়র মহোদয় সভার আলোচনা শেষে সবার উদ্দেশ্য তিনি জানান যে, আসন্ন ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপনের জন্য ছৈয়দ মুর্তাজা আল আমিনকে আহবায়ক ও জনাব মোঃ কামরুল হাসান কে সদস্য সচিব করে কাউন্সিলর ২,৫,৬ এবং সংরক্ষিত ১-২-৩কে সদস্য করে বিজয় দিবস উদযাপন কমিটি গঠন করার জন্য সচিবকে অনুরোধ করেন।<br>কমিটি নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম</th><th>পদবী</th></tr>
<tr><td>০১</td><td>ছৈয়দ মুর্তাজা আল আমিন</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>০২</td><td>তাপস চন্দ্র দাস</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>শাহাদাৎ হোসেন</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>মোহাম্মদ নেছার উদ্দিন</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>মোঃ কামরুল হাসান</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>BMWSSP ও LGCCRP/ UGIIP-3 প্রকল্প সম্পর্কে আলোচনাঃ</td>
<td>২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব তাপস চন্দ্র দাস সভায় জানান যে, আমরা ইতি পূর্বে শুনে ছিলাম UGIIP-3 প্রকল্পের কাজ ২০২৩ সনের শেষের দিকে শুরু হওয়ার কথা কিন্তু নভেম্বর মাষ শেষের দিকে। এখন পর্যন্ত প্রকল্পের কাজের কোন অগ্রগতি দেখছি না। চলতি বছরে প্রকল্পের কাজ শুরু হবে কি না সে বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td>
<td>মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে BMWSSP ও LGCCRP/ UGIIP-3 প্রকল্পের কাজদ্রুত বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন।</td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td>
<td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত অক্টোবর’২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০৪২০২৩-১০-</td><td>৮নং ওয়ার্ডের ডাহের কন্ট্রাক্টর সড়কের ইটের কাজের চুড়ান্ত বিল</td><td>৩০০.১০৩,২৬,</td></tr>
<tr><td>০৪২০২৩-১০-</td><td>মহিলা কলেজ এর মাঠে শহীদ মিনার তৈরির চুড়ান্ত বিল</td><td>৪০০.০৫১,০০,</td></tr>
<tr><td>০৪২০২৩-১০-</td><td>৩নং ওয়ার্ডের দারবক্স মাঝি রোড়ের ইটের কাজের চুডান্ত বিল</td><td>৩০০.৭৮৬,২৩,</td></tr>
<tr><td>০৫২০২৩-১১-</td><td>অক্টোবরইং মাসের মাষ্টাররোল ২০২৩, কর্মচারীদের বেতন বিল</td><td>৮৩০০.০০০,</td></tr>
<tr><td>০৭২০২৩-১১-</td><td>এপ্রিলমাসের মেয়র ও ২০২৩, কাউন্সিলরবৃন্দের সন্মানী ভাতা</td><td>১০০.০০০,৩৮,</td></tr>
<tr><td>০৭২০২৩-১১-</td><td>সহকারী প্রকৌশলীমাসের ২০২৩,সেপ্টেম্বর-বেতন ও ভাতাদি</td><td>৫২০০.০৮০,</td></tr>
<tr><td>০৭২০২৩-১১-</td><td>জানুয়ারিমাসের কর্মচারীদের বেতন ২০২৩, ও ভাতাদি</td><td>৬০০.৫১৫,৮২,</td></tr>
<tr><td>১২২০২৩-১১-</td><td>মারজান বেগম-নং ওয়ার্ডের বাসিন্দা৫-চিকিৎসার জন্য আর্থিক সাহায্য</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>১২২০২৩-১১-</td><td>বাইতুন নুর জামে মসজিদ-নং ওয়ার্ড৬-সংস্কারের জন্য অনুদান</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>১৪২০২৩-১১-</td><td>নভেম্বর ২০২৩,মাসের ৭টি মিটারের বিদ্যুৎ বিল</td><td>১২০০.৬৯৬,</td></tr>
<tr><td>১৫২০২৩-১১-</td><td>ভান্ডারী হোটেল এন্ড রেষ্টুরেন্ট-মাসের আপ্যায়ণ বিল ২০২৩,অক্টোবর</td><td>২৮০০.৫৭৯,</td></tr>
<tr><td>১৫২০২৩-১১-</td><td>ধিরেন্দ্র ধূপী-নং ওয়ার্ডের বাসিন্দা৩-চিকিৎসার জন্য আর্থিক সাহায্য</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>১৫২০২৩-১১-</td><td>সহকারী প্রকৌশলী ম শ্রান্তি১-বিনোদন ভাতা</td><td>২৮০০.১০০,</td></tr>
</table>
</td>
<td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে অক্টোবর’২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
</tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ২৯২০২৩-১১- | নুর আলম-ওয়ার্ডের বাসিন্দা নং১-শিক্ষা অনুদান | ৫০০.০০০, | |
| | | ২৯২০২৩-১১- | স্বাধীন চন্দ্র দাস-নং ওয়ার্ডের বাসিন্দা২-শিক্ষা অনুদান | ৫০০.০০০, | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৪২৩ তারিখঃ ২৩/১১/২০২৩খ্রিঃ

**<u>অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ</u>**

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব............................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব..........................................................শাখা.......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।